


# যেভাবে রেল সেবা অ্যাপস থেকে টিকেট ক্রয় করবেন

নিচের নির্দেশনাগুলো ভালোভাবে লক্ষ্য করুন

প্রথম ধাপ:

প্লে স্টোর থেকে রেল সেবা অ্যাপসটি ইনস্টল করতে হবে। তার জন্য মোবাইলের প্লে স্টোরে গিয়ে সার্চ অপশনে রেল সেবা (Rail Sheba) লেখা মাত্রই রেল সেবা অ্যাপসটি চলে আসবে তারপর সেটি ডাউনলোড/ইনস্টল (install) করতে হবে।



দ্বিতীয় ধাপ:

প্লে স্টোর থেকে অ্যাপসটি ডাউনলোড করার পর অ্যাপ টি ওপেন করতে হবে। ওপেন করার পর এই অ্যাপসটির একেবারে নিচে তিনটা অপশন লেখা আছে (১) Login (২) Sign-up (৩) Forgot Password. একজন নতুন ব্যবহারকারীর জন্য প্রথমে তাকে Sign-up/Registration/ নিবন্ধন করতে হবে।



তৃতীয় ধাপ:

Sign-up এ ক্লিক করার পর ইউজার রেজিস্ট্রেশন নামে একটি ফর্ম আসবে ফর্মটি সঠিকভাবে পূরণ করতে হবে। এখানে একটি বিষয় খেয়াল রাখতে হবে, আপনি যে মোবাইল নাম্বারও ই-মেইল এড্রেস টি দিবেন এই দুইটি সঠিক এবং সচল থাকতে হবে।



চতুর্থ ধাপ:

ইউজার রেজিস্ট্রেশন ফর্ম পূরণ করার সময় যে ই-মেইল এড্রেসটি আপনি দিয়েছেন সেই ই-মেইল এড্রেস এ একটি ই-মেইল ভেরিফিকেশন লিঙ্ক পাঠানো হবে আপনাকে আপনার মেইল এড্রেসে প্রবেশ করে ওই লিঙ্কে ক্লিক করে ই-মেইল ভেরিফিকেশন কমপ্লিট করতে হবে।



**Registration Complete**

Welcome to Bangladesh Railway



ইনফরমেশন আপডেট:

যেহেতু বাংলাদেশ রেলওয়েতে টিকেট কাটতে হলে এন আই ডি প্রয়োজন হয় সেক্ষেত্রে আপনাকে রেল সেবা অ্যাপস এর সেটিংস এ গিয়ে ইনফরমেশন আপডেট করতে হবে।

এ এন আইডি, ডেট অফ বার্থ আপডেট করে দিলেই কাজ শেষ। এখন আপনি অ্যাপস এর সকল সুবিধা উপভোগ করতে পারবেন



যেভাবে রেল সেবা অ্যাপস এ টিকেট ক্রয় করবেন। ধাপে ধাপে ছবি দিয়ে বোঝানো হলো।



বিঃ দ্রঃ এছাড়াও অনলাইনে টিকেট কাটতে [www.esheba.cnsbd.com](http://www.esheba.cnsbd.com) সাইটে ভিজিট করুন।

“রেলওয়ের টিকেট হস্তান্তরযোগ্য নয়, ইহা একটি দণ্ডনীয় অপরাধ”



বাংলাদেশ রেলওয়ে  
আপনার আস্তাই আমাদের অনুরোধ